# শিবগঞ্জ পৌরসভা

চাঁপাইনবাবগঞ্জ

## শহর সমন্বয় কমিটির (TLCC) সভার কার্যপত্র

“এপ্রিল, মে, জুন” ২০২৫খ্রি.

| সভার স্থান ঃ পৌরসভা কার্যালয় | সভার তারিখ ঃ ১৩/০৫/২০২৫খ্রিঃ | সভার সময় ঃ ১০.০০ | সভার সভাপতি ঃ প্রশাসক, শিবগঞ্জ পৌরসভা |
|---|---|---|---|

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট - ‘ক’ দ্রষ্টব্য

অদ্য ১৩/০৫/২০২৫ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় পৌরসভার ”শিবগঞ্জ পৌর সম্মেলন” কক্ষে শহর সমন্বয় কমিটির সভাপতি জনাব মোঃ আজাহার আলী, প্রশাসক, শিবগঞ্জ পৌরসভা, চাপাইনবাবগঞ্জ মহোদয়ের সভাপতিত্বে ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। মাননীয় প্রশাসক মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করনের আহ্বান জানালে প্রথমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করা হয়। অতঃপর উপস্থিত সকল সদস্যবৃন্দ নিজ নিজ অবস্থান থেকে তাঁদের পরিচয় প্রদান করেন। পরিচয় পর্ব শেষ হলে আলোচ্যসূচি মোতাবেক আলোচনা শুরু করা হয়। যা নিম্নরুপ-

আলোচ্যসূচি- ১ ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:

| বিগত সভার কার্যবিবরণী পাঠ | কার্যবিবরণী সদস্যদের মধ্যে বিতরণ | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| কার্যবিবরণী পাঠ ঃ সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন শিবগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব এ,কে,এম তোফাজ্জল হোসেন। | সকল সদস্যবৃন্দের মধ্যে সভার রেজুলেশন বিতরণ করা হয় | কোন সংশোধন করা হয়নি | সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। |

আলোচ্য সূচী- ২ ঃ ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২৫-২০২৬ অর্থ বছরের খসড়া বাজেট প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২ | ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২৫-২০২৬ অর্থ বছরের খসড়া বাজেট প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত। | সভায় প্রশাসক মহোদয়ের অনুমোতিক্রমে নির্বাহী প্রকৌশলী জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত বাজেটের রাজস্ব আয় উদ্বৃত্তসহ ৭,০৭,৬০,১৭৫/৫১ (সাত কোটি সাত লক্ষ ষাট হাজার একশত পঁচাত্তর টাকা একান্ন পয়সা) এবং উন্নয়ন (প্রকল্পসহ) উদ্বৃত্তসহ ৪,২১,৭৪,৭৫২/৩৩ (চার কোটি একুশ লক্ষ চুয়াত্তর হাজার সাতশত বায়ান্ন টাকা তেতত্রিশ পয়সা), সর্বমোট ১১,২৯,৩৪,৯২৭/৮৪ (এগার কোটি উনত্রিশ লক্ষ চৌত্রিশ হাজার নয়শত সাতাশ টাকা চুরাশি পয়সা) মাত্র এবং ব্যয় রাজস্ব ৭,০৭,৬০,১৭৫/৫১ (সাত কোটি সাত লক্ষ ষাট হাজার একশত পঁচাত্তর টাকা একান্ন পয়সা) এবং উন্নয়ন (প্রকল্পসহ ৪,২১,৭৪,৭৫২/৩৩ (চার কোটি একুশ লক্ষ চুয়াত্তর হাজার সাতশত বায়ান্ন টাকা তেতত্রিশ পয়সা), | ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত বাজেটের সর্বমোট আয় ১১,২৯,৩৪,৯২৭/৮৪ (এগার কোটি উনত্রিশ লক্ষ চৌত্রিশ হাজার নয়শত সাতাশ টাকা চুরাশি পয়সা) মাত্র এবং ১১,২৯,৩৪,৯২৭/৮৪ (এগার কোটি উনত্রিশ লক্ষ চৌত্রিশ হাজার নয়শত সাতাশ টাকা চুরাশি | এ.ও / নির্বাহী প্রকৌশলী/ হিসাব রক্ষণ কর্মকর্তা |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | সর্বমোট ১১,২৯,৩৪,৯২৭/৮৪ (এগার কোটি উনত্রিশ লক্ষ চৌত্রিশ হাজার নয়শত সাতাশ টাকা চুরাশি পয়সা) মাত্র। তিনি আরো জানান যে, শিবগঞ্জ পৌরসভার আগামী ২০২৫-২০২৬ অর্থ বছরের আয় ও ব্যয়ের উপর বিশদ আলোচনা করে গৃহিত প্রস্তাবে অত্র পৌরসভা ২০২৫-২০২৬ অর্থ বছরের আয় ও ব্যয় বরাদ্দ যথাক্রমে রাজস্ব আয় হিসাব ৭,৭১,৬৩,৩২৬/- (সাত কোটি একাত্তর লক্ষ তেষট্টি হাজার তিনশত ছাব্বিশ) টাকা মাত্র, উন্নয়ন (প্রকল্পসহ) ৪৪,২৬,৯৩,১৭০/- (চুয়াল্লিশ কোটি ছাব্বিশ লক্ষ তেরানব্বই হাজার একশত সত্তর) টাকা মাত্র সর্বমোট টাঃ= ৫১,৯৮,৫৬,৪৯৬/- (একান্ন কোটি আটানব্বই লক্ষ ছাপান্ন হাজার চারশত ছিয়ানব্বই) টাকা মাত্র। সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়। | পয়সা) মাত্র এবং আগামী ২০২৫-২০২৬ অর্থ বছরের খসড়া বাজেট রাজস্ব ও উন্নয়ন (প্রকল্পসহ) সর্বমোট টাঃ= ৫১,৯৮,৫৬,৪৯৬/- (একান্ন কোটি আটানব্বই লক্ষ ছাপান্ন হাজার চারশত ছিয়ানব্বই) টাকা মাত্র সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | |

আলোচ্য সূচী- ৩ ঃ IUGIP প্রকল্প অফিসে স্কীম প্রেরণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩ | IUGIP প্রকল্প অফিসে স্কীম প্রেরণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত। | সভায় প্রশাসক মহোদয়ের অনুমোতিক্রমে নির্বাহী প্রকৌশলী জানান যে, আগামী ২০২৫-২০২৬ অর্থ বছরে বাস্তবায়নের জন্য নগর পরিচালনা অবকাঠামো ও উন্নয়ন প্রকল্প (IUGIP) এর প্রকল্প অফিসে স্কীম প্রেরণ করা প্রয়োজন। এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনা শেষে নিম্নলিখিত প্রকল্প স্কীম প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>১. কদমতলা মোড় (দৌলতপুর) জুম্মা মসজিদ হতে খাইরুল মোড় হয়ে খালেক লেবার এর বাড়ী পর্যন্ত আরসিসি ড্রেণ নির্মাণ। ওয়ার্ড নং- ০৪<br>২. শিবগঞ্জ বাজার স্বর্ণকার পট্টি হতে হাজারীডাঙ্গা তোজাম্মেল এর বাড়ী ভায়া বাবুপাড়া ও রবির দোকান পর্যন্ত আরসিসি ড্রেণ নির্মাণ। ওয়ার্ড নং- ০৪<br>৩. শিবগঞ্জ বাজারের মধ্যে আর সিসি ড্রেন নির্মাণ<br>৪. জগন্নাথপুর মোড় হতে চৌধুরীপাড়া ভায়া তমিজ প্রফেসার এর বাড়ী পর্যন্ত আরসিসি ড্রেণ নির্মাণ। ওয়ার্ড নং- ০৫<br>৫. শিবগঞ্জ আমহাট হতে পিঠালীতলা আইয়ুব মাষ্টারের বাড়ী পর্যন্ত আরসিসি ড্রেণ নির্মাণ। ওয়ার্ড নং- ০৮<br>৬. দৌলতপুর ঈদগাহ মোড় আইনুদ্দিন, সাইদুর ও ইলিয়াস মেম্বারের বাড়ী হতে মহাজনপাড়া দ্বীন মোহাম্মদ এর বাড়ী পর্যন্ত আন্ডারগ্রাউন্ড ড্রেণসহ রাস্তা আরসিসি করণ। ওয়ার্ড নং- ০৪<br>৭. শিবগঞ্জ বাজার স্বর্ণকার পট্টি হতে হাজারীডাঙ্গা তোজাম্মেল এর বাড়ী ভায়া বাবুপাড়া ও রবির দোকান পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ। ওয়ার্ড নং- ০৪<br>৮. শিবগঞ্জ বাজারের ভিতরে রাস্তা নির্মাণ করণ কাজ।<br>৯. শিবগঞ্জ ভাঙ্গা ব্রীজ হতে পৌরসভার শেষ সীমানা বোগলাউড়ি পর্যন্ত পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ। ওয়ার্ড নং- ০৮<br>১০. জগন্নাথপুর মোড় হতে চৌধুরীপাড়া ভায়া তমিজ প্রফেসার এর বাড়ী পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ। ওয়ার্ড নং- ০৫<br>১১. শিবগঞ্জ আমহাট হতে পিঠালীতলা আইয়ুব মাষ্টারের বাড়ী পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ। ওয়ার্ড নং- ০৮ | নগর পরিচালন অবকাঠামো ও উন্নয়ন প্রকল্প (IUGIP) এর অনুমোদন সাপেক্ষে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | এ.ও / নির্বাহী প্রকৌশলী |

আলোচ্য সূচী- ৪ ঃ প্রবৃদ্ধি প্রকল্পের অর্থ ফেরৎ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪ | প্রবৃদ্ধি প্রকল্পের অর্থ ফেরৎ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত। | সভায় প্রশাসক মহোদয়ের অনুমোতিক্রমে নির্বাহী প্রকৌশলী জানান যে, প্রবৃদ্ধি প্রকল্পের আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে গত ১৮/০২/২০২৫খ্রিঃ তারিখ শিবগঞ্জ বাজারে আরসিসি রোড, ড্রেণ, ফিস সেইড/ মিট সেইড এবং সোলার স্ট্রীট লাইট প্যাকেজটি টেন্ডার প্রক্রিয়ার কাজ সম্পন্ন হয়। কিন্তু প্রবৃদ্ধি প্রকল্পের চুক্তি অনুযায়ী জুন ২০২৫ এর মধ্যে উক্ত প্যাকেজের কাজটি সমাপ্ত করতে হবে মর্মে চুক্তি পৌরসভার সাথে চুক্তি বদ্ধ হয়। উক্ত সময়ের মধ্যে কাজটি শুরু না হওয়ায় এবং সরকারের সাথে প্রকৃদ্ধি প্রকল্পের নতুন করে চুক্তি না হওয়ায় তারা যে প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য অগ্রীম বাবদ প্রথম কিস্তিতে ৪৮,০০,০০০/- (আট চল্লিশ লক্ষ) টাকা মাত্র দিয়েছে সে অর্থ ফেরৎ নেয়ার জন্য প্রশাসক বরাবর পত্র ইস্যু করেছেন। সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রবৃদ্ধি প্রকল্পের আওতায় উন্নয়ন চলমান কার্যক্রম স্থগিত হওয়ায় অগ্রীম প্রথম কিস্তির অর্থ ফেরৎ প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | পৌর প্রশাসক মহোদয় |

আলোচ্য সূচী- ৫ ঃ বর্জ্য ও পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে মাটি অর্গানিক লিঃ এর নিয়মিত বর্জ্য সংগ্রহ ও অপসারণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৫ | বর্জ্য ও পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে মাটি অর্গানিক লিঃ এর নিয়মিত বর্জ্য সংগ্রহ ও অপসারণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত। | সভায় বর্জ্য ও পয়ঃবর্জ্য সংগ্রহ ও অপসারণ বিষয়ে টিএলসিসি সভার সদস্যগণ জানান যে, ২/৩ দিন অন্তর অন্তর বর্জ্য সংগ্রহ করা হচ্ছে এর ফলে বাসায় দুর্গন্ধ সৃষ্টি হয়ে পরিবেশের ভারসাম্য নষ্ট হচ্ছে। প্রতিদিন বর্জ্য সংগ্রহের জন্য টিএলসিসি সভার সদস্যগণ প্রশাসক মহোদয়কে অনুরোধ জানান। এবিষয়ে মাটি অর্গানিক লিঃ এর নির্বাহী পরিচালক যে, বর্জ্য ও পয়ঃবর্জ্য সংগ্রহ ও অপসারণের কাজটি লেবার স্বল্পতার কারণে প্রতিদিন সংগ্রহ করা যাচ্ছে না। প্রতিদিন বর্জ্য সংগ্রহ করতে হলে লেবার বৃদ্ধি করতে হবে। কিন্তু বর্তমানে যে পরিমাণ বিন থেকে অর্থ সংগ্রহ হচ্ছে তা দিয়ে বর্তমানে কর্মরত লেবার ও ড্রাইভারদের নিয়মিত বেতন ভাতা দেয়া সম্ভব হচ্ছে না তাই বিন প্রতি ৫০ (পঞ্চাশ) টাকা স্থলে ৭০ (সত্তর) টাকা করার জন্য আবেদন করেন এবং ভেকু ট্রাকের চালক না থাকায় পয়ঃবর্জ্য অপসারণ কাজটি বন্ধ রয়েছে। তিনি আরও জানান স্লাস ট্রিটমেন্ট প্লান্টে বিদ্যুৎ সংযোগ না থাকায় মেশিন ক্রয় করা সম্ভব হচ্ছে না। ফলে বর্জ্য ও পয়ঃবর্জ্য দ্বারা জৈব সার তৈরীর কাজটি আশানোরূপ ভাবে উৎপাদন করা সম্ভব হচ্ছে না। | বর্জ্য সংগ্রহ ও অপসারণের চলমান কাজটিকে ত্বরানিত করার জন্য পৌরসভার নিজস্ব উদ্যোগে বেশি সংখ্যক লেবার নিয়োগ দিয়ে প্রতিটি বাসাবাড়ির সামনে বিন রাখার মাধ্যমে বর্জ্য সংগ্রহ ও অপসারণের কাজটি পরিচালনার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | এ.ও / নির্বাহী প্রকৌশলী/ কঞ্জারভেন্সী ইন্সপেক্টর |

আলোচ্য সূচী- ৬ ঃ এসএনভি কর্তৃক আচরণ পরিবর্তন ক্যাম্পেইন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৬ | এসএনভি কর্তৃক আচরণ পরিবর্তন ক্যাম্পেইন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। | সভায় প্রশাসক মহোদয়ের অনুমোতিক্রমে নির্বাহী প্রকৌশলী জানান যে, এসএনভি কর্তৃক ইতিপূর্বে ড্রোন সার্ভের মাধ্যমে এবং বাড়ী বাড়ী গিয়ে অবকাঠামো জরিপের কাজটি সম্পন্ন করেছেন। এতে লক্ষ্য করা যাচ্ছে যে, পৌর এলাকায় কত গুলো কাঁচা-পাকা বাড়ী এবং কতটি বাড়ীতে সেপ্টিক ট্যাঙ্ক ও পিক ট্যাঙ্ক, জলাসয় সহ অন্যান্য অবকাঠামো রয়েছে। জরিপের কাজটি সম্পন্ন হলেও এখন পর্যন্ত এর সঠিক প্রয়োগ করা সম্ভব হচ্ছে না কারণ যতদিন পর্যন্ত নাগরিকদের আচরনিক পরিবর্তন করা সম্ভব হবে। তিনি আরও জানান যে, নাগরিকগণ যদি সচেতন না হয় তাহলে দেখা যাবে যে, বিভিন্ন প্লাষ্টিকসহ অন্যান্য অপচনসীল দ্রব্যাদি সঠিক জায়গায় ফেলা না | এসএনভি কর্তৃক নাগরিকদের আচরনিক পরিবর্তন করার জন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, পাড়া-মহল্লায়, মসজিদসহ জনগুরুত্বপূর্ণ স্থানে ব্যানার, ফেস্টন, লিফলেট, সভা-সমাবেশসহ বিভিন্ন আধুনিক প্রযুক্তির মাধ্যমে প্রচার প্রচারনা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী প্রকৌশলী |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | হলে পানি নিস্কাশনের ড্রেণে গিয়ে পড়বে ফলে আসতে আসতে পানি নিস্কাশনের ড্রেন গুলো বন্ধ হয়েছে যাবে। ফলে মানুষ চরম ভোগান্তিতে পড়বে। আবার লক্ষ করা যাচ্ছে যে, যে সমস্ত সেপ্টিক ট্যাঙ্ক ল্যাট্রিন ও পিট ল্যাট্রিন জলাশয়ের কাছাকাছি অবস্থিত সেসকল জলাশয়ের পানি দুষিত হয়ে যাবে। এতে মানব জীবন চরম ঝুকির মধ্যে পড়বে। এই সমস্ত প্রতিকার হতে রক্ষা পাওয়ার জন্য এসএনভি কর্তৃক নাগরিকদের আচরনিক পরিবর্তনে বিভিন্ন সভা-সমাবেশ, সেমিনারের মাধ্যমে সচেতন করার জন্য সভায় অনুরোধ জানানো হয় এবং এসএনভির ওয়েব পোটাল অপারেট করার জন্য পৌরসভার পক্ষে একজন ফোকাল পার্সন নিয়োগ পূর্বক এর যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য প্রশাসক মহোদয়কে অনুরোধ করা হয়। সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়। | | |

আলোচ্য সূচী- ৭ ঃ বিবিধ আলোচনা ও সিদ্ধান্ত।

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৭ | বিবিধ বিষয়ে আলোচনা- ১ | বিবিধ বিষয়ে আলোচনা আরম্ভ হলে প্রশাসক মহোদয়ের অনুমোতিক্রমে নির্বাহী প্রকৌশলী জানান যে,<br>● বর্জ্য ব্যবস্থাপনার জন্য নিধারিত ময়লা আর্বজনা ফেলার জায়গা না থাকায় জরুরী ভিত্তিতে জমি ক্রয় করার জন্য প্রশাসক মহোদয়কে সভায় অনুরোধ জানানো হয়।<br>● তর্ত্তিপুর হাটের পাবলিক টয়লেট চালু না থাকায় তর্ত্তিপুর হাট কমিটি পাবলিক টয়লেটটি চালু করা এবং হাটের মধ্যে অবস্থিত গাছের গোড়া বাধানোর জন্য প্রশাসক মহোদয়কে অনুরোধ জানানো হয়।<br>● সাবেক কাউন্সিলর ও টিএলসিসির সদস্য জনাব মোঃ মিজানুর রহমান জানান যে, ৩নং ওয়ার্ডের আম হাটের রাস্তা পাকা করণ,<br>● ভাঙ্গাব্রীজ রাস্তার পার্শ্বের ড্রেনের স্লাব তৈরী করণ<br>● টিএলসিসির সদস্য জনাব গনপতি বারিক জানান যে, শিবগঞ্জ সরকারী মডেল স্কুলের সামনের ড্রেন পরিস্কার ও সংস্কারের জন্য সভায় অনুরোধ করেন।<br>● সাবেক কাউন্সিলর ও টিএলসিসির সদস্য জনাব মোঃ মাইনুল ইসলাম জানান যে, মেডিকেল রোডের ড্রেনের উপর দোকান পাট থাকায় ড্রেন পরিস্কার করা সম্ভব হচ্ছে না এবং রাস্তা সংকোচিত হওয়াায় প্রতিনিয়ত দূঘটনা ঘটছে।<br>● টিএলসিসির সদস্য জানান যে, শিবগঞ্জ সরকারী মডেল স্কুলের পশ্চিম পার্শ্বের বাউন্ডারী সংলগ্ন শিবগঞ্জ থানার দক্ষিণ সামান্য বৃষ্টি হলেই জলাবদ্ধতার সৃষ্টি হয়।<br>● রাজনগর মোড় হতে প্রাইমারী স্কুলগামী রাস্তা পাকা করণ।<br>● টিএলসিসির সদস্য জনাব মোঃ শফিকুল ইসলাম জানান যে, প্রতি শুক্রবার জুম্মার দিন হওয়ায় পানির সিডিউল দুপুর ১ টা হতে ২টা এর স্থলে ১২ টা হতে ১টা পর্যন্ত করার জন্য অনুরোধ করেন।<br>● ৫নং ওয়ার্ড বাগানটুলী কবরস্থান হুমায়নের বাড়ী হতে ড্রেনসহ রাস্তা তৈরী করণ কাজ।<br>● কুশল কুমার ব্যান্ধ্যার বাড়ী হতে নুরুল কমিশনারের বাড়ী পর্যন্ত রাস্তা<br>● শিবগঞ্জ কাঁচা বাজারে সেড নির্মাণ করণ কাজ | বর্জ্য ব্যবস্থাপনার জন্য জমি ক্রয় ও নির্ধারণের জন্য ৮ সদস্যের সমন্বয়ে কমিটি গঠন ও প্রকল্প থেকে অর্থ প্রাপ্তি সাপেক্ষে কাজ গুলো বাস্তবায়ন করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং প্রশাসক মহোদয়কে এবিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | প্রশাসক/<br>নির্বাহী প্রকৌশলী |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | • শিবগঞ্জ বাজারের বিভিন্ন ড্রেনের উপর স্লাব নির্মাণ করাণ কাজ<br>• বিন এর মধ্যে ময়লা না ফেলায় তা তদারকি করণ<br>• অত্র পৌরসভার কম্পিউটার অপারেটর এম. এ. মান্নান জানান যে, ইসরাইল মোড়ের পূর্বদিকে পিঠালীতলা অভিমুখে পৌরসভার বড় ড্রেনটি খোলা অবস্থায় রয়েছে, ফলে ড্রেনে মানুষসহ বিভিন্ন জীব জন্তু পড়ে প্রতিনিয়ত দূর্ঘটনার ঘটছে তাই ড্রেনের উপর স্লাব নির্মাণ করা প্রয়োজন।<br>• জালমাছমারী সরকারী প্রাথমিক বিদ্যালয় হতে বিনপাড়া পর্যন্ত রাস্তার পার্শ্বে ড্রেন না থাকায় জলাবদ্ধতার সৃষ্টি হচ্ছে ফলে ড্রেনটি নির্মাণ করা প্রয়োজন।<br>• টিএলসিসির সদস্য জনাব মোঃ শরিফুল ইসলাম জানান যে, ৮নং ওয়ার্ড পাইকড়তলা মসজিদের সম্মুখে পানি জমে থাকায় রাস্তা উচু করণ কাজ<br>• জনাব আব্দুৎ তোয়াব, সদস্য, শিবগঞ্জ পৌরসভা জনান যে, পিঠালীতলা খড়কটোলা বরেন্দ্র রাস্তা বাদশার বাড়ী হতে দক্ষিণে আবুল কাসেম (রবুর) বাড়ী পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ করণ কাজ।<br>• টিএলসিসির সদস্য জনাব মোঃ আব্দুল আযীয মাহমুদ জানান যে, শিবগঞ্জ বাজারে যানজোট নিরশনের জন্য ঢাকা কোচ কাউন্ডার স্থানান্তর করার প্রয়োজন।<br>বিবিধ আলোচনার এই পর্যায়ে ডাঃ মোঃ কামাল উদ্দীন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, হোল্ডিং ট্যাক্স প্রদানে জনগণকে উদ্বুদ্ধ করতে হবে, ড্রেণ ব্যবহারে যথাযথ নিয়ম সকলকে জানাতে হবে, প্রত্যেক ড্রেণের উপরে স্লাব নির্মাণ আবশ্যিক ভাবে করতে হবে<br>জনাব গোলাম কিবরিয়া, সকলকে ড্রেনের ব্যবহার করার বিষয়ে সচেতন থাকার আহবান জানান। উঠান বৈঠকে এ বিষয়ে গঠনমুলক আলোচনা করার আহবান জানান।<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জনাব, নূরুল ইসলাম আহবান জানান শহর পরিষ্কার করণের কাজ জোরালো মনিটরিং করা দরকার। প্রত্যেক কাউন্সিলরগণ এর মাধ্যমে জনগণকে ট্যাক্স প্রদানে উদ্বুদ্ধ করতে আহবান জানান। | | |
| | বিবিধ বিষয়ে আলোচনা- ২ | • হোল্ডিং ট্যাক্স বৃদ্ধির প্রস্তাব ৫০/- হতে ১০০/- টাকা<br>• নির্বাহী প্রকৌশলী বলেন পৌরসভার মাষ্টারপ্লান এর চলমান রয়েছে তারই ধারাবাহিকতায় আগামী ১৯ মে/২০২৫খ্রিঃ হতে ১৯ জুলাই/২০২৫খ্রিঃ তারিখ পর্যন্ত ওটএওচ প্রকল্পের আওতায় "অবকাঠামো জরিপ ও আর্থ-সামাজিক জরিপ" কার্যক্রম পরিচালনা করা হবে। জরিপ কাজে সকল নাগরিক বৃন্দকে সহযোগিতা করার জন্য আহ্বান জানান। | IUGIP প্রকল্পের আওতায় "অবকাঠামো জরিপ ও আর্থ-সামাজিক জরিপ" কার্যক্রম পরিচালনা করা হবে। জরিপ কাজে সকল নাগরিক বৃন্দকে সহযোগিতা করার জন্য আহ্বান জানান। | |

২৩।০৫।২৫

মোঃ আজাহার আলী
প্রশাসক
শিবগঞ্জ পৌরসভা

স্মারক নং- শি:পৌ:/প্রশা:বি:/২০২৫/১৬৬(৫৫) তারিখ- ১৩/০৫/২০২৫খ্রিঃ।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ-</u>

১। সচিব মহোদয়, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
৪। প্রকল্প পরিচালক, নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্প (IUGIP) এলজিইডি ভবন, আগাঁরগাও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৫। ডেপুটি ডিরেক্টর, এলজিইডি, RUMSU, বগুড়া।
৬। জনাব ..............................................................................................................., শিবগঞ্জ ও সদস্য, TLCC, শিবগঞ্জ পৌরসভা।
৭। কম্পিউটার অপারেটর, শিবগঞ্জ পৌরসভা।
৮। অফিস কপি।

১৩/০৫/২৫

মোঃ আজাহার আলী
প্রশাসক
শিবগঞ্জ পৌরসভা